




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০২৪.১৩- ২৬২৬

তারিখঃ ০৩/১২/২০১৪ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ কাঁকড়া চাষ বিষয়ে প্রশিক্ষণ এবং প্রশিক্ষণোত্তর সহায়তা (ঋণ) প্রদান।

উর্পযুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের আওতায় গঠিত সমিতির সদস্যদের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ ও প্রশিক্ষণোত্তর সহায়তা (ঋণ) প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। কাঁকড়া চাষ বর্তমানে একটি লাভজনক পেশা। দেশের অভ্যন্তরে এবং বিদেশে কাঁকড়ার ব্যাপক চাহিদা রয়েছে। উপকূলীয় অঞ্চল কাঁকড়া চাষের জন্য বিশাল একটা সম্ভাবনাময় অঞ্চল। তাই আপনার কর্ম এলাকার সংশ্লিষ্ট মৎস্য অফিসারের সাথে আলোচনাপূর্বক কাঁকড়া চাষের সম্ভাবতা যাচাই এবং সম্ভাবনাময় হলে প্রকল্প হতে প্রেরিত তিন দিন মেয়াদী IGA প্রশিক্ষণ বাবদ বাজেট বিভাজন থেকে ০৩ দিন ব্যাপী কাঁকড়া চাষ বিষয়ে প্রশিক্ষণের সিডিউল প্রেরণপূর্বক প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ করা হলো। এছাড়াও আপনার আওতাধীন উপজেলা পর্যায়ে যদি মনে হয় যে, কোন বিশেষ বিষয়ে প্রশিক্ষণ প্রদানপূর্বক সহায়তা (ঋণ) প্রদান করলে সংশ্লিষ্ট এলাকার দরিদ্র মহিলাদের আত্ম-কর্মসংস্থানের নবক্ষেত্র সৃষ্টি হবে, তাহলে নিম্নস্বাক্ষরকারী বরাবর এতদবিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এ সংক্রান্ত সুনির্দিষ্ট প্রস্তাব পাওয়া গেলে প্রশিক্ষণের বিষয়ে প্রকল্প থেকে অর্থ বরাদ্দ করা হবে।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
-----উপজেলা

সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা (উপরোক্ত বিষয়টি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলাঃ -----, জেলাঃ-----।
- ৫। অফিস কপি